৪ বছর কারাভোগ শেষে ভারতীয় নাগরিককে ফেরত

বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশের দায়ে চুয়াডাঙ্গা কারাগারে কারাভোগ শেষে দর্শনা চেকপোস্ট সীমান্তে বিজিবি- বিএসএফ পতাকা বৈঠকে শেষে ভারতে ফিরলেন আব্বাস মন্ডল (৩৫)।

তিনি ভারতের নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার রাঙ্গীয়ারপোতা গ্রামের মান্দার মন্ডলের ছেলে।

শনিবার ১৯ নভেম্বর বেলা সাড়ে ১১টায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্তের ৭৬ নং মেইন পিলারের কাছে চেকপোস্ট দিয়ে তাকে ভারতে ফেরত দেওয়া হয়েছে।

পুলিশ ও বিজিবি সূত্রে জানা গেছে, গত ২০১৮ সালের চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা ঠাকুরপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করে আব্বাস মন্ডল । এসময় বাংলাদেশ অবৈধভাবে অনুপ্রবেশ করায় (বাংলাদেশ বর্ডার গার্ড) বিজিবির সদস্যরা তাকে আটক করে। চুয়াডাঙ্গা কারাগারে সাজা ভোগ শে

ষে দুদেশে হাইকমিশনে কাগজ আদান প্রদানে আইনি প্রক্রিয়া সম্পন্ন হয়। শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা সীমান্ত দিয়ে নিজে দেশে ফেরত পাঠানো হয়েছে । আব্বাস আলীর পরিবারের পক্ষে তাকে গ্রহন করে তার ভাতিজা আদম মন্ডল।

পতাকা বৈঠক উপস্থিত ছিলেন (বাংলাদেশ বর্ডার গার্ড) বিজিবির দর্শনা কোম্পানি কমান্ডার সুবেদার জহির উদ্দিন বাবু, দর্শনা ইমিগ্রেশন ইনচার্জ আবু নাইম,দর্শনা থানা পুলিশের এসআই ফজলুর রহমান,ভারতের পক্ষে, বিএসএফ এর গেদে ক্যাম্প কমান্ডার (ভারপ্রাপ্ত) অশোক কুমার, গেদে ইমিগ্রেশন ইনচার্জ গোলাপ চন্দ্র পাল, কাস্টমস ইনচাজ সৈকত কুমার, নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার ইনচার্জ বাপিন মূখার্জি প্রমুখ।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

বিদ্যালয়ের আয়ার আবেদন

জীবনের মূল্যবান সময় ২৬টি বছর চাকুরী করেও এমপিওভূক্ত কর্মচারী হতে পারেনি খাজিরন নেছা। তার শেষ সম্বল মাত্র ১০ কাঠা জমি ছিল, সেটিও বিক্রি করে ৫ লক্ষ টাকা দিতে হয়েছে প্রধান শিক্ষককে। বারবার আবেদন করেছেন। কিন্তু ছলে বলে আজকাল করে নিরাশ করেছেন প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ। অবেশেষে চাকুরী ও প্রধান শিক্ষককে দেওয়া ৬ লাখ টাকা ফিরে পেতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেছেন দরিদ্র, অসহায় এই কর্মচারী।

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয় মাধ্যমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর কর্মচারী (আয়া) খাজিরুন নেছা গত (১৫ নভেম্বর) মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসারের কাছে এমন অভিযোগ এনে অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগে তিনি বলেছেন, বর্শিবাড়ীয় মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠাকালিন সময়ে ২০০২ সালে চতুর্খ শ্রেনীর কর্মচারী (আয়া) পদে আমি নিয়োগ পাই। কর্মজীবনে আমি নিষ্ঠার সাথে দায়ীত্ব পালন করে আসছি। আমার একমাত্র সম্বল ১০ কাঠা আবাদী জমি বিক্রি করে বিদ্যালয় প্রতিষ্ঠাকালীন ব্যায় বাবদ প্রদান করি। অথচ বিদ্যালয়ের বয়স ২০ বছর হয়ে গেলেও প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ নানা তালবাহানা করে আমার নিয়োগ নিশ্চিত করেনি।

বিদ্যালয়টি ২০১৯ সালে জাতীয়করণ (এমপিভূক্ত) হয়েছে। পরে আমি তাকে আবারো বললে আমাকে নিয়োগ বৈধ করার জন্য নানা অজুহাতে ১ লক্ষ টাকা হাতিয়ে নেন প্রধান শিক্ষক। কিন্তু আজ পর্যন্ত প্রধান শিক্ষক এখন পর্যন্ত আমাকে সরকারি ভাতাদী প্রাপ্তীর কোনো ব্যবস্থা করেনি।

আজকাল করে নানা তালবাহানা করে আমাকে ঘুরিয়ে নিয়ে বেড়াচ্ছে। আমি তার কাছ থেকে আমার দেওয়া ৬ লাখ টাকা ফেরৎ চাইলে দিতে অস্বীকৃতি জানান এবং অকথ্য ভাষায় গালিগাল করেন। তাই বিষয়টি মানবিক বিবেচনায় নিয়ে তার চাকুরী জাতীয়করণ করার ব্যবস্থা ও প্রদেয় টাকা ফেরত পাওয়ার জন্য হস্তক্ষেপ কামনা করেন এই অসহায় নারী।

উল্লেখ্য, প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে নারী কেলেংকারী, বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ, ছাত্র ছাত্রীর টিউশন ফিস আত্মসাৎসহ নানা অভিযোগ রয়েছে। বিভিন্ন সময়ে স্থানীয়রা তাকে

বিদ্যালয় থেকে বের করে দেওয়াসহ লঞ্ছিত করার অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে মেহেরপুর প্রতিদিনসহ স্থানীয় ও জাতীয় পত্রিকায় একাধিক সংবাদ প্রকাশিত হয়েছে।

কোটচাঁদপুরে ক্ষুদ্র নৃগোষ্ঠী দরিদ্রদের মাঝে গরু বিতরন

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় ক্ষুদ্র নৃ- গোষ্টিদের মাঝে গরু বিতরন করা হয়েছে। শনিবার কোটচাঁদপুর উপজেলার তালসার গ্রামের দরিদ্রদের মাঝে এ গরু দেয়া হয়।

সমাজ কল্যান সংস্থা উষার নির্বাহী পরিচালক আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুশনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ,ইউপি সদস্য হাবিবুর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন আজম বিশ্বাস। পরে ওই গ্রামের ৭ জন ক্ষুদ্র নৃ গোষ্ঠী দরিদ্র মানুষের হাতে ৭ টি গরু তুলে দেয়া হয়।

এ ব্যাপারে আব্দুল হান্নান বলেন,বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় এ গ্রামের ৭ জন কে গরু দেয়া হল। পরবর্তীতে আরো ৫ জনকে এ গরু দেয়া হবে। অনুষ্ঠানটি উষার সহযোগিতায় করা হয়েছে।

ঝিনাইদহে দুইদিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা শুরু

ঝিনাইদহে দুইদিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষ্যে ঝিনাইদহ জেলা প্রশাসন এর আয়োজনে শনিবার (১৯নভেম্বর) সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়, র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। সেখানে বেলুন উড়িয়ে মেলার শুভ উদ্বোধন করেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

পরে জেলা প্রশাসক মনিরা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন খালেদা খানম এমপি। বিশেষ অতিথি হিসাবে পুলিশ সুপার আশিকুর রহমান বপিএম,পিপিএম (বার), স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ ইয়ারুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) সেলিম রেজা। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রথীন্দ্র নাথ রায়সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ শরিফুল হক। পরে মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন অতিথিরা। দুই দিন ব্যাপী এ মেলায় সরকারি-বেসরকারি দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের ৭০ টি স্টল স্থান পেয়েছে। শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রকল্প মেলায় প্রদর্শণ করছে।

ডিজিটালাইজড ব্যবস্থা বিশ্বে সব কিছু সহজ করতে সহযোগীতা করছে- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, বর্তমান বিশ্ব সব কিছু সহজভাবে করতে সহযোগীতা করছে ডিজিটালাইজড ব্যবস্থা। বিশ্বে টেকনোলজিতে যে দেশ যত অগ্রসর সেই দেশ তত উন্নত। বাংলাদেশ

পরিবেশ সরকার সুযোগ করে দিয়েছে। তাই এসব প্রশিক্ষণ নিয়ে দেশের উন্নয়নে কাজ করার জন্য তরুণ প্রজন্মকে আহবান জানান মন্ত্রী ফরহাদ হোসেন।

ডিজিটালাইজেশন কতটা ব্যপকতা লাভ করেছে ও আমাদের জীবনের জন্য তা জরুরী সেটা বুঝতে এবং বর্তমান ও আগামী বিশ্বকে চিনতেই তরুণ প্রজন্মকে ডিজিটাল মেলার আসার আহবান জানান তিনি।

এর আগে শনিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের নেতৃত্বে একটি র্যালী মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

র্যালী শেষে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন প্রতি মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, লিউজা-উল জান্নাহ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওবায়দুল্লাহ, টিটিসি’র অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য মেহেরপুর জেলা প্রশাসন কর্রতৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলায় বিভিন্ন সরকারি দপ্তরের ২৫ টি স্টল অংশ নিয়েছে। মেলা উপলক্ষে মালেশিয়াগামী ৬০০ জনকে রেজিস্ট্রেশন করা হয়েছে। রেজিস্ট্রেশনকৃত এই ৬০০ জনকে প্রশিক্ষণ ও দিক নির্দেশনা দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরের আমন ধানের

বাম্পার ফলন –উপজেলা কৃষি কর্মকর্তা

কোটচাঁদপুরের মাঠ জুড়ে আমন ধান কাটা-মাড়াইয়ের কাজে ব্যস্ত সময় পার করছেন চাষিরা। আমনে বাম্পার ফলনের আশা প্রকাশ করেছেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী।

জানাযায়,গেল বোরো মৌসুমে কোটচাঁদপুরের কৃষকেরা দুর্যোগে ক্ষয়ক্ষতির শিকার হন। তাই ক্ষতি পুষিয়ে নিতে এ মৌসুমে অধিক পরিমান জমিতে আবাদ করেছেন আমন ধান। ধানে বাম্পার ফলনের আশাও করছেন তারা।

শনিবার (১৯ নভেম্বর) উপজেলার বিভিন্ন এলাকায় চোখে পড়ে কৃষকদের মাঠে ধান কাটার ব্যস্ততা। বাড়ির উঠানে চলছে ধান মাড়াইয়ের কাজ। এ কাজে বসে নেই গৃহিনীরাও। সোনার ফসল ঘরে তুলতে কাজ করছেন তারাও।

কোটচাঁদপুর পৌর এলাকার ধানকাটা শ্রমিক আনারুল ইসলাম বলেন, এ এলাকার কৃষকরা ধান কাটা-মাড়াই শুরু করেছেন। তবে লেবার না পাওয়ায় চাষিরা বিপাকে রয়েছেন। অন্যদিকে আমরা রাত-দিন ধান কাটার কাজে ব্যস্ত সময় পার করছি। এ মৌসুমে আমাদের দম নেওয়ারও সময় নাই।

বহরমপুর গ্রামের কৃষক লিটন মিয়া জানান, চলতি আমন মৌসুমে ৭ বিঘা জমিতে ধানের আবাদ আছে। ফলনও হয়েছে ভালো। এরই মধ্যে ক্ষেত থেকে ধান কাটা শুরু করা হয়েছে। বাজারে দাম ভালো পেলে অনেকটাই লাভবান হওয়া সম্ভব হবে।

উপজেলা কৃষি অফিসার মহাসিন আলী বলেন, এ বছর এ উপজেলায় ৬ হাজার ১শ ৫০ হেক্টর জমিতে চাষ করা হয়েছে আমন ধান। এ আমন মৌসুমে লক্ষ্যমাত্রা যা ছিল, তা পুরন হয়েছে। এ বছর এ এলাকায়, স্বর্ন,বীরি-৪৯,৭১ ও ৭৫ জাতের ধান বেশি চাষ করছেন চাষিরা। এরমধ্যে স্বর্ণ ধানটা বেশি পরিমানে বেশি চাষ হয়েছে। এ বছর আমনে বাম্পার ফলন হবে বলে আশাও প্রকাশ করেছেন তিনি।

মালয়েশিয়ার সাধারণ নির্বাচনে ভোট শুরু, হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস

মালয়েশিয়ার সাধারণ নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়েছে শনিবার (১৯ নভেম্বর)। সকাল থেকেই ভোটারদের শান্তিপূর্ণভাবে ভোট দিতে ভোট কেন্দ্রে আসতে দেখা যায়। এএফপির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, এই নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় দেশের বিভিন্ন কেলেঙ্কারিতে সাজাপ্রাপ্ত সাবেক নেতা নাজিব রাজ্জাকের দল ক্ষমতা ধরে রাখার চেষ্টা করলেও কঠিন লড়াইয়ের আভাস পাচ্ছেন বিশ্লেষকরা।

এবারের নির্বাচনে ক্ষমতাসীন জোট বারিসান ন্যাশনালের ইসমাইল সাবরি ইয়াকুবের প্রধান প্রতিদ্বন্দ্বী পাকতান হারপানের আনোয়ার ইব্রাহিম। দেশটির প্রবীণ রাজনীতিবিদ মাহাথির মোহাম্মদও প্রধানমন্ত্রী হওয়ার দৌড়ে রয়েছেন।

নির্বাচনী সভা ও সমাবেশে দুর্নীতি মোকাবেলার প্রচারণা চালানোর সময় বিরোধী দলীয় নেতা আনোয়ার ইব্রাহিম জানান, তিনি দৃঢ়ভাবে আশাবাদী যে তার জোট ২২২ সদস্যের সংসদে সহজেই জয়ী হবে।

আনোয়ার পেনাং রাজ্যে তার ভোট প্রদানের আগে এএফপিকে জানান, দুই দশকেরও বেশি সময় ধরে মানুষের হৃদয় ও মন জয়ের লড়াইয়ের পর আজকের জয় নিশ্চিত আনন্দের। এটি হবে জনগণের বিজয়।

প্রায় দুই কোটি মালয়েশিয়ার ভোটার আজ তাদের ভোটাধিকার প্রয়োগ করছেন। তবে প্রচন্ড মৌসুমি বৃষ্টিপাতের আশঙ্কার প্রেক্ষাপটে নির্দিষ্ট কিছু এলাকায় ভোট গ্রহণ বাধাগ্রস্ত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

এদিকে, নাজিবের ইউনাইটেড মালয় ন্যাশনাল অর্গানাইজেশন (ইউএমএনও) সাধারণত দক্ষিণ-পূর্ব এশীয় রাষ্ট্রের রাজনীতিতে আধিপত্য বিস্তার করেছে, কিন্তু সরকারি তহবিল ১-এমডিবি নিয়ে ব্যাপক দুর্নীতির কেলেঙ্কারির কারণে ২০১৮ সালের সাধারণ নির্বাচনে ব্যাপকভাবে

আলমডাঙ্গায় বালতির পানিতে ডুবে শিশুর মৃত্যু

টয়লেটে রাখা বালতির পানিতে পড়ে মরিয়ম (৩) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০ টায় আলমডাঙ্গার মুন্সিগঞ্জের হাসপাতাল মোড়ের নিজ বাড়িতে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু মরিয়ম জেহালার হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে মরিয়ম খাতুন (৩)। শুক্রবার সকাল ১০ টার দিকে সে নিজ বাড়িতে খেলা করছিলো।

খেলার ফাঁকে বাড়িতে থাকা টয়লেটের মধ্যে যায় । অতর্কিত ভাবে শিশু মরিয়ম পানি ভর্তি বালতির মধ্যে পড়ে মারা যায়।
এসময় শিশু মরিয়মকে তার পরিবারের লোকজন খোঁজ খবর নিলেও তার কোন সন্ধান পায় না। পরে পরিবারের লোকজন শিশু মরিয়মকে নিজ বাড়ির টয়লেটের বালতির মধ্যে মাথা নিচু অবস্থায় দেখতে পায়। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করা হবে।

দামুড়হুদায় আর্জেন্টিনা

ভক্তদের এক হাজার ফুট পতাকা বানিয়ে আনন্দ র্যালী

কাতার বিশ্বকাপ আর মাত্র একদিন বাকি ফুটবল বিশ্বকাপের আমেজে দামুড়হুদায় গতকাল শুক্রবার বিকাল ৪ টার দিকে আর্জেন্টিনা ভক্তদের এক হাজার ফুট পতাকা বানিয়ে আনন্দ র্য্যালী ও দেশের বর্তমান প্রজন্মের আধুনিক ম্যাজিশিয়ান যাদু শিল্পী মোহাম্মদ আলীর যাদু পরিদর্শন করেছেন দামুড়হুদা স্টেডিয়াম মাঠে।

১৯৩০ সালে উরুগুয়েতে প্রথম বিশ্বকাপ ফুটবলের প্রতিযোগিতার আয়োজন শুরু হয়। এবার ৯২ বছর বয়সে পা রাখতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপ আর মাত্র একদিন পরেই শুরু হতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপ।

আগামীকাল ২০ নভেম্বর রবিবার স্বাগতিক কাতার ও ইকুয়েডরের ম্যাচ দিয়ে পর্দা উঠবে ২০২২ বিশ্বকাপের। দরজায় কড়া নাড়ছে কাতারে শুরু হতে যাওয়া ফিফা ওয়ার্ল্ড কাপ -২০২২ । বিশ্বকাপ ফুটবলের উত্তেজনার ঢেউ দামুড়হুদাতে আছড়ে পড়ছে। দামুড়হুদা উপজেলায় অলিতে গলিতে দেখা যাচ্ছে বিশ্বকাপ ফুটবলের আমেজ। বিশ্বকাপে অংশ নেওয়া বিভিন্ন দেশের পতাকা বিক্রির ধুম পড়েছে। পছন্দের দেশের পতাকা উড়তে শুরু করেছে বাসার ছাদে।বাসা বাড়ির ছাদ, দোকান,গ্রামে গ্রামে ছেয়ে গেছে বিশ্বকাপের ফেভারিট দলগুলোর রঙিন সব পতাকায়।যার বেশিরভাগই আর্জেন্টিনা ও ব্রাজিলের পতাকা। পতাকার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যম পাড়া মহল্লা ও চায়ের দোকানে যুক্তিতর্কে মেতে উঠেছে ফুটবল প্রেমীরা। বিশ্বকাপকে সামনে রেখে প্রিয় দলের জার্সি কিনতে খেলাঘর গুলোতে বেড়েছে ক্রেতাদের ভিড়। প্রিয় দলের খেলা উপভোগ করতে ইলেকট্রনিক্স পণ্যের দোকান গুলোতেও টিভি বিক্রির ধুম পড়েছে।

দামুড়হুদায় বিভিন্ন খেলার সামগ্রী বিক্রির দোকানে গিয়ে জানা যায় এখন বিভিন্ন দলের জার্সির চাহিদা বেড়েছে আর্জেন্টিনা ও ব্রাজিলের জার্সি চাহিদা একটু বেশি।

জানা যায় দামুড়হুদায় শুভ’র উদ্যোগে “১৫ মেসি সংগঠন” এর পক্ষ থেকে বন্ধুদের নিয়ে এবং চুয়াডাঙ্গা, দর্শনা, মেহেরপুর, ঝিনাইদহ, মাগুরা, সহ বিভিন্ন জেলা উপজেলা থেকে আগত মেসির শত শত ভক্তদের নিয়ে ৩০ হাজার টাকা ব্যায়ে এক হাজার ফুট লম্বা আর্জেন্টিনার